

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেলদুয়ার, টাঙ্গাইল।



স্মারক নং-০৫.৩০.৯৩২৩.০০০.১৮.০৪০.২০১৭- ৯৬৬

তারিখ : ০৪ এপ্রিল ২০২১

“গণবিজ্ঞপ্তি”

বিষয় : করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞা আরোপ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখার স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০-১১১

তারিখ : ০৪ এপ্রিল ২০২১

জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের স্মারক নং-০৫.৪১.৯৩০০.০০১.০৭.০০২.২১.১১৮, তারিখ: ০৪ এপ্রিল ২০২১

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধে এবং বিদ্যমান পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সরকার আগামী ০৫ এপ্রিল ২০২১ তারিখ ভোর ০৬:০০ টা থেকে ১১ এপ্রিল ২০২১ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলি এবং জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা আরোপ/সীমিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

- সকল প্রকার গণপরিবহন (সড়ক, নৌ, রেল ও অভ্যন্তরীণ ফ্লাইট) বন্ধ থাকবে। তবে পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা, জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না। এছাড়া, বিদেশগামী/বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা কার্যকর হবে না।
- আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-দ্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (ছলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানাবহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে।
- সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত অফিস আদালত এবং বেসরকারি অফিস কেবল জরুরি কাজ সম্পাদনের জন্য সীমিত পরিসরে প্রয়োজনীয় জনবলকে স্ব স্ব প্রতিষ্ঠানের নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় অফিসে আনা-নেওয়া করতে হবে। বিজিএমইএ ও বিকেএমইএ কর্তৃক শিল্প-কারখানা এলাকায় নিকটবর্তী সুবিধাজনক স্থানে তাদের শ্রমিকদের জন্য ফিল্ড হাসপাতাল/চিকিৎসার ব্যবস্থা করতে হবে।
- সন্ধ্যা ০৬:০০ টা থেকে ভোর ০৬:০০ টা পর্যন্ত অতি জরুরি প্রয়োজন যথা: ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি ব্যতীত কোনভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না।
- খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁ কেবল খাদ্য বিক্রয়/সরবারহ (Takeaway/Online) করা যাবে। কোন অবস্থাতেই হোটেল-রেস্তোরাঁয় বসে খাবার গ্রহণ করা যাবে না।
- শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে। তবে দোকানসমূহ পাইকারি ও খুচরা পণ্য Online-এর মাধ্যমে ক্রয়-বিক্রয় করতে পারবে। সেক্ষেত্রে অবশ্যই সর্বাধিক কর্মচারীদের মধ্যে আবশ্যিক স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং কোন ক্রেতা স্বশরীরে যেতে পারবে না।
- কাঁচা বাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ০৮:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে।
- ব্যাংকিং ব্যবস্থা সীমিত পরিসরে চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।
- এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপজেলা নির্বাহী অফিসার
দেলদুয়ার, টাঙ্গাইল।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ০৩। সহকারী কমিশনার (ভূমি), দেলদুয়ার, টাঙ্গাইল।
- ০৪। অফিসার ইনচার্জ, দেলদুয়ার থানা, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ০৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, দেলদুয়ার টাঙ্গাইল। তাঁকে পত্রটি উপজেলার ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। উপজেলা..... অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ০৭। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ০৮। অফিস কপি।